

বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট

৩ সার্কিট হাউস রোড, ঢাকা - ১০০০

ফোন : ৯৩৩০০৮১-৪, ফ্যাক্স : ৮৮০-২-৮৩১৭৪৫৮, ওয়েবসাইট : <http://www.pib.gov.bd> ই-মেইল : dgplib@yahoo.com

ডরমিটরী ব্যবহারের নীতিমালা

বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট সাংবাদিক ও গণমাধ্যম কর্মীদের প্রশিক্ষণ প্রদানের একটি জাতীয় প্রতিষ্ঠান। পিআইবি ঢাকা ও ঢাকার বাইরে প্রশিক্ষণের আয়োজন করে থাকে। ঢাকার বাইরের সাংবাদিকদের ঢাকায় এনে প্রশিক্ষণ দেয়ার জন্য তাদের থাকা খাওয়ার সুব্যবস্থা না থাকায় পিআইবি কমপ্লেক্স সম্প্রসারণ ও আধুনিকায়ন (২য় পর্যায়) প্রকল্পের আওতায় ডরমিটরী ও ক্যাফেটারিয়া স্থাপন করা হয়েছে। ৮ তলা ভবনের ৭ ও ৮ তলায় ৩০ জন সাংবাদিকের থাকার ডরমিটরী রয়েছে। তন্মধ্যে ২টি ভিভিআইপি ও ২টি ভিআইপি কক্ষ রয়েছে। প্রশিক্ষণার্থীদের খাওয়ার জন্য ৮ম তলা ভবনের দ্বিতীয় তলায় ৬৪ (চৌষট্টি) আসনবিশিষ্ট একটি আধুনিক ও উন্নতমানের ক্যাফেটারিয়া রয়েছে। এছাড়া ৬ষ্ঠ তলায় ৬০ (ষাট) আসন বিশিষ্ট একটি সেমিনার/শ্রেণীকক্ষ এবং একটি ব্যবহারিক শ্রেণীকক্ষ, ৫ম তলায় ১টি কম্পিউটার ল্যাব ও ২টি শ্রেণী কক্ষ রয়েছে। ফলে প্রশিক্ষণার্থীদের একই ভবনে প্রশিক্ষণ ও থাকা-খাওয়ার সুব্যবস্থা রয়েছে। লিফট ও জেনারেটর সুবিধা বিদ্যমান।

পিআইবি প্রশিক্ষণার্থী ব্যতীত দেশ/বিদেশের সাংবাদিকদের ডরমিটরীতে নির্ধারিত ভাড়ায় থাকার জন্য অনুমতি দেয়া যায়। ডরমিটরীতে অবস্থানের জন্য ব্যবহারকারীকে নিম্নোক্ত নীতিমালা/শর্তাবলী অনুসরণ করতে হবে:

১. ডরমিটরী বলতে পিআইবি ৮ তলা ভবনের ৭ম তলায় ৭টি ও ৮ম তলায় ৬টি কক্ষকে বুঝাইবে।
২. পিআইবির প্রশিক্ষণসমূহে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীবৃন্দ ও পিআইবি বিভিন্ন কাজের সংশ্লিষ্ট অতিথি বিশেষজ্ঞ ডরমিটরীতে বিনা ভাড়ায় অবস্থান করতে পারবেন।
৩. ডরমিটরীর কক্ষ খালিসাপেক্ষে সাংবাদিকদের নিম্নে বর্ণিত শর্তসাপেক্ষে নির্ধারিত ভাড়ায় শুধুমাত্র অগ্রিম পরিশোধের ভিত্তিতে থাকার জন্য বরাদ্দ দেয়া যেতে পারে।
শর্ত: সাংবাদিকগণকে সংশ্লিষ্ট প্রেসক্লাবের অথবা সংশ্লিষ্ট সাংবাদিক ইউনিয়নের সভাপতি/সাধারণ সম্পাদকের নিকট থেকে ডরমিটরীতে অবস্থানের সুপারিশপত্র দাখিল করতে হবে।
৪. বিদেশী সাংবাদিকগণকেও আবেদনের পরিপ্রেক্ষিতে নির্ধারিত ভাড়ায় ডরমিটরীতে কক্ষ বরাদ্দ দেয়া হবে।
৫. গণমাধ্যম, সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান আবাসিক প্রশিক্ষণ (৩০ জন) আয়োজনের জন্য নতুন ভবনের দুইটি শ্রেণীকক্ষ, ডরমিটরী ও ব্যবহারিক কক্ষ প্যাকেজ হিসেবে নিম্নোক্ত ভাড়ায় ব্যবহার করতে পারবেন:

ক্র.নং	বিবরণ	প্রতিদিনের ভাড়া	জামানত
১.	তথ্য মন্ত্রণালয় ও ইহার অধিনস্থ/সংযুক্ত প্রতিষ্ঠান এবং সংবাদপত্র ও সরাসরি সাংবাদিকতা পেশা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান	১৪,০০০/-	৭,০০০/-
২.	অন্যান্য প্রতিষ্ঠান/সংগঠন/ব্যক্তি	১৮,০০০/-	৯০০০/-

৬. ক্র: ন: ২, ৩, ৪ ও ৫ এ বর্ণিত ব্যক্তি/প্রতিষ্ঠান ব্যতীত অন্য কাউকে ডরমিটরীতে কক্ষ বরাদ্দ দেয়া হবে না।
৭. আবাসিক প্রশিক্ষণার্থীদের খাবার সরবরাহ করা হবে। অন্যদের নিজ দায়িত্বে ব্যবস্থা করতে হবে। তবে ক্যাফেটারিয়া ব্যবহার করা যাবে।


বাংলাদেশ খেলা ইনস্টিটিউট

৮. আবাসিক প্রশিক্ষার্থী ব্যতীত অন্যান্য অবস্থানকারীকে নিম্নোক্ত হারে ভাড়া প্রদান করতে হবে:

ক্র. ন.	সিট/কক্ষ	দৈনিক ভাড়া
১.	সাধারণ সিট (২ বেড) - ৪টি কক্ষ	প্রতি সিট ৪০০/-
২.	সাধারণ সিট (৩ বেড) - ২টি কক্ষ	প্রতি সিট ৩০০/-
৩.	সাধারণ সিট (৪ বেড) - ৩টি কক্ষ	প্রতি সিট ২০০/-
৪.	ভিআইপি কক্ষ (১ বেড) - ২টি কক্ষ	প্রতি কক্ষ ৭০০/-
৫.	ভিভিআইপি কক্ষ (১ বেড) - ২টি কক্ষ	প্রতি কক্ষ ১০০০/-

৯. সময় সময় ভাড়ার হার কর্তৃপক্ষ পুনঃনির্ধারণ করতে পারবেন।
১০. প্রাপ্ত ভাড়া একটি পৃথক ব্যাংক একাউন্টে জমা হবে।
১১. পিআইবি জরুরী পরিস্থিতিতে কোন কারণ না দর্শাইয়া ডরমিটরীর কক্ষ বরাদ্দ বাতিল করতে পারবে।
১২. ডরমিটরী এর যাবতীয় আয় ও ব্যয়ের হিসাব পিআইবির হিসাব শাখা কর্তৃক রক্ষিত হবে।
১৩. দৈব-দুর্বিপাকে বা অন্য কোন কারণে বৈদ্যুতিক ও যান্ত্রিক গোলযোগের জন্য বিদ্যুৎ সরবরাহ বিঘ্নিত হলে পিআইবি কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

পিআইবি কর্তৃপক্ষ এ নীতিমালা সময় উপযোগী করার জন্য পরিবর্তন/পরিবর্ধন করতে পারবেন।



২১.১০.১৪

(মো. শাহ আলমগীর)

মহাপরিচালক



(হাবিবুর রহমান মিলন)

চেয়ারম্যান